

ধর্মান্বক্ষেত্রে আসার সময়ে মৃত শ্রমিক

এই সময়, বেলুড়: শ্রমজীবী
হাসপাতালের জন্য জমির দাবিতে
গত সাত দিন ধরে বেলুড়ে শ্রমজীবী
সহযোগী মঞ্চ-সহ আরও কয়েকটি
সংগঠনের নেতৃত্বে ধর্ম-অবস্থান
চলছে। সেখানে আসতে গিয়েই
ধর্মান্বক্ষেত্রের কাছেই হৃদরোগে আক্রান্ত
হয়ে মৃত্যু হলো বন্ধ ইন্দো-জাপান
কারখানার এক কাজ হারানো শ্রমিক
বলদেব চৌধুরীর (৬৬)। বৃহস্পতিবার
রাত ১০টা পর্যন্ত ধর্ম মঞ্চে ছিলেন
তিনি। শুক্রবার ফের ধর্ম মঞ্চের জন্য
বাড়ি থেকে বেরোন। মঞ্চে আসার
পথে টোটোর মধ্যে তিনি হৃদরোগে
আক্রান্ত হন। সঙ্গে তাঁর ছেলে ছিল।
তখনই শ্রমজীবী হাসপাতালে তাঁকে
নিয়ে যাওয়া হলে সেখানেই মৃত্যু হয়
ওই আন্দোলনকারীর। সংগ্রামী সাথীর
মৃত্যুতে শোকের ছায়া নেমে আসে ধর্ম
মঞ্চে। এ দিন মঞ্চে কোনও মাইক বা
সাউন্ড বন্ধ বাজানো হয়নি।